

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২০-০২

তারিখ: ১৯ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
০৩ জানুয়ারি, ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, শেরপুর জেলার শ্রীবরদী সাব-রেজিস্ট্রি অফিসের সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার জনাব আব্দুর রহমান ভূইয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ঘ) মোতাবেক 'দুর্নীতি' এর অভিযোগ আনয়নপূর্বক ০১/২০২০ নং বিভাগীয় মামলা রুজু করত: কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, জনাব আব্দুর রহমান ভূইয়া উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেন নি;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক জনাব আব্দুর রহমান ভূইয়া এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব আব্দুর রহমান ভূইয়া-কে অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের বিপরীতে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেন নি; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে "বাধ্যতামূলক অবসর প্রদান" করার সিদ্ধান্তের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হলে কমিশন প্রাপ্ত সকল কাগজপত্রাদি পরীক্ষান্তে জনাব আব্দুর রহমান ভূইয়া (সাময়িক বরখাস্তকৃত), সাব-রেজিস্ট্রার, শ্রীবরদী, শেরপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদানে' মন্ত্রণালয় কর্তৃক গৃহীত গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ অনুযায়ী শেরপুর জেলার শ্রীবরদী সাব-রেজিস্ট্রি অফিসের সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার জনাব আব্দুর রহমান ভূইয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ঘ) মোতাবেক 'দুর্নীতি'র অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালায় বিধি ৪(৩)(খ) অনুযায়ী তাকে বাধ্যতামূলক অবসর প্রদান করা হলো। এরূপ বাধ্যতামূলক অবসর প্রদানের ফলে তিনি বিধি মোতাবেক অবসর সংক্রান্ত সকল প্রকার আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৩/০১/২০২৩
(মোঃ গোলাম সারওয়ার)
সচিব


নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২০-০২

তারিখ: ০৩-০১-২০২৩ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ নং আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয় এর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয় এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। জেলা রেজিস্ট্রার, শেরপুর।

- ০৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৭। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ০৮। জনাব আব্দুর রহমান ভূইয়া, সাবেক সাব-রেজিস্ট্রার, শ্রীবরদী, শেরপুর।
- ০৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি/গার্ড ফাইল।



(মোঃ শফিউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪১০৫২১৭২